**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ জিবি হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লক পরিদর্শন করেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা দুর্যোগ মোকাবেলায় প্রযুক্তির ব্যবহার ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন।**

**(৩) কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডভিয়া আজ বলেছেন যে রোজগার মেলার আওতায় গত ১৬ মাসে ১১ লক্ষেরও বেশি প্রার্থী চাকরি পেয়েছেন ।**

**(৪) ইংল্যান্ডে আয়োজিত ভারত ইংল্যান্ড পঞ্চম টেস্ট ক্রিকেট ম্যাচে ভারত ছয় রানে ইংল্যান্ডের বিরুদ্ধে জয় পেয়েছে ।**

****************************************

**Governor visit to GB hospital :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ জিবি হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লক পরিদর্শন করেন ও রোগীদের সঙ্গে কথা বলেন। তাছাড়া তিনি হাসপাতালে পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের ক্লিনিকে যান এবং রোগীদের কিভাবে আইনি সাহায্য দেওয়া হয় সে সম্পর্কে অবহিত হন। হাসপাতালের মেডিক্যাল সুপার ও অন্যান্য চিকিৎসকদের সঙ্গে আলোচনা করেন।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন দুর্যোগ মোকাবেলায় প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। তাতে সাফল্য বেশি আসবে ক্ষতির পরিমাণ কমবে।

এই প্রসঙ্গে তিনি অপারেশন সিঁন্দুরে প্রযুক্তির ব্যবহারের কথা উল্লেখ করেন।আজ মহাকরণে রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০২৪-২৫ সূচনা করে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন বছর গত বছর আগস্ট মাসের প্রাকৃতিক দুর্যোগ থেকে আমরা শিক্ষা নিয়েছি কিভাবে দুর্যোগ মোকাবেলা করতে হয়। দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে সিভিল ডিফেন্স আপদা মিত্রদের দক্ষতা বৃদ্ধির উপর জোর দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন দুর্যোগ মোকাবেলা করার ক্ষেত্রে সংবাদ মাধ্যমেরও বিশেষ ভূমিকা রয়েছে। তারা প্রশাসনের সঙ্গে সেতুবন্ধন করে মানুষের কাছে সঠিক বার্তা পৌঁছে দেওয়ার কাজটি করে থাকে।

######Byte-CM######

আজকের অনুষ্ঠানে প্রাকৃতিক বিপর্যয়ের উপর ছয়টি বিষয়ের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্য সচিব  জে কে সিনাহা, পুলিশের মহা নির্দেশক অনুরাগ, পি সিসিএফ আরকে শ্যামল ও রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেস পান্ডে।

**************************

**Voice Over-Har Ghar Tiranga :**

দেশভক্তি এবং দেশপ্রেমের চেতনায় ২০২২ -এ প্রধানমন্ত্রীর আহ্বান ছিল হর ঘর তিরঙ্গা! প্রতি ঘরে অবশ্যই ত্রিবর্ণ রঞ্জিত পতাকার দোলায় দুলে উঠবে ভারতীয়তার আবেগ। এরপর থেকে এই আহবান অবিরত ধারায় আসমুদ্র হিমাচলে তরঙ্গ তুলছে। এ যেন দেশের জন্য জীবন উৎসর্গ করে দেওয়া বীর স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানানোর বিনম্র প্রয়াস। একটি প্রতিবেদন।

########VC########

******************************

**Minister Kishor Barman-Sonamura :**

সোনামুড়া মহকুমাভিত্তিক স্বাধীনতা দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে আজ সোনামুড়া টাউন হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মনের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে এ বছর স্বাধীনতা দিবস উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচি রূপায়নের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারম্যান শাহজাহান মিয়া, মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা সহ মহকুমা প্রশাসন পদস্থ আধিকারিকগণ।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Rojgar Mela :**

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডভিয়া আজ বলেছেন যে রোজগার মেলার আওতায় গত ১৬ মাসে ১১ লক্ষেরও বেশি প্রার্থী চাকরি পেয়েছেন। লোকসভায় এক সম্পূরক প্রশ্নের উত্তরে তিনি বলেন যে, আরবিআইয়ের প্রতিবেদন অনুসারে, গত দশকে ১৭ কোটিরও বেশি যুবার কর্মসংস্থান হয়েছে। তিনি বলেন যে ইউপিএ সরকারের ১০ বছরে মাত্র

তিন কোটি কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছিল। শ্রী মান্ডভিয়া আরও বলেন যে, আগামী পাঁচ বছরে ৪ কোটিরও বেশি কর্মসংস্থান সৃষ্টির জন্য প্রধানমন্ত্রী উন্নত ভারত রোজগার যোজনার আওতায় ২ লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

শ্রী মান্ডভিয়া বলেন, ইউপিএ সরকারের আমলের তুলনায় কৃষিক্ষেত্র, উৎপাদন ক্ষেত্র ও পরিষেবা ক্ষেত্রে কর্মসংস্থানের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। মন্ত্রী আরও উল্লেখ করেন যে বেকারত্বের হার ৩.২ শতাংশে নেমে এসেছে, যা অনেক উন্নত দেশের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম।

****************************

**Shibu Soren :**

ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবু সোরেন আজ সকালে নতুনদিল্লিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

রাজ্যসভার সাংসদ শিবু সোরেন কিডনির সমস্যায় ভুগছিলেন এবং দেড় মাস আগে স্ট্রোকে আক্রান্ত হয়েছিলেন। গত এক মাস ধরে তিনি নতুন দিল্লির স্যার গঙ্গারাম হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবু সোরেনের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন যে শিবু সোরেনের মৃত্যু সামাজিক ন্যায়বিচারের ক্ষেত্রে একটি বড় ক্ষতি। তিনি উল্লেখ করেন জনগণের, বিশেষ করে উপজাতি সম্প্রদায়ের কল্যাণের জন্য তাঁর প্রয়াস সর্বদা স্মরণীয় হয়ে থাকবে।

প্রধানমন্ত্রী আজ প্রয়াত শিবু সোরেনের প্রতি শ্রদ্ধা জানাতে স্যার গঙ্গা রাম হাসপাতালে যান এবং তাঁর পরিবারের সঙ্গে দেখা করে তাদের সমবেদনা জ্ঞাপন করেন।

প্রধানমন্ত্রী ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে একজন তৃণমূল পর্যায়ের নেতা হিসেবে অভিহিত করে বলেছেন, তিনি আদিবাসী সম্প্রদায়, দরিদ্র ও

নিপীড়িতদের ক্ষমতায়নের জন্য বিশেষভাবে আগ্রহী ছিলেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রীর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

ঝাড়খণ্ডে আজ থেকে ৬ই আগস্ট পর্যন্ত তিন দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হবে। উল্লেখ্য, শিবু সোরেন ঝাড়খণ্ড মুক্তি মোর্চা দলের সভাপতি এবং ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের বাবা ছিলেন।

*************************

**Parliament :**

সকাল ১১টায় আজ লোকসভার অধিবেশন শুরু হলে, বিরোধী দলের সাংসদরা বিহারে পরিচালিত বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার প্রতিবাদে এবং অন্যান্য বিষয় নিয়ে বিক্ষোভ দেখান। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রশ্নোত্তর পর্ব শুরু করার চেষ্টা করেন, কিন্তু বিরোধী দলের সদস্যরা বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে আলোচনার দাবিতে স্লোগান দিতে থাকেন। শ্রী বিড়লা বিরোধী দলের সাংসদদের কাছে প্রশ্নোত্তর পর্বের অনুমতি দেওয়ার আবেদন করেন এবং বলেন যে এটি একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং বিরোধীদের এতে অংশগ্রহণ করা উচিত। তিনি বলেন যে ইচ্ছাকৃতভাবে সংসদের কার্যক্রম ব্যাহত করার প্রচেষ্টা গণতন্ত্রের জন্য ঠিক নয়। তিনি সংসদের ভেতরে প্ল্যাকার্ড এবং ব্যানার প্রদর্শনেরও আপত্তি জানান। কোলাহলের মধ্যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডব্য সরকারি ক্ষেত্রের কোম্পানিতে কর্মসংস্থান সম্পর্কিত একটি প্রশ্নের উত্তর দেন। হট্টগোলের মধ্যে, অধ্যক্ষ বেলা ২টো পর্যন্ত সংসদ মুলতবি করেন।

বেলা ২টোয় পুণরায় সভা শুরু হলে, বিরোধী দলগুলি ওয়েলে ঢুকে পড়ে এবং বিহারে পরিচালিত বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া নিয়ে আলোচনার দাবিতে স্লোগান দিতে থাকেন। সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বিরোধী সাংসদদের প্রতিবাদে অসন্তোষ প্রকাশ করে বলেন যে বিসনেস এডভাইসারি কমিটির সভায় জাতীয় ক্রীড়া শাসন বিল ২০২৫ এবং জাতীয় ডোপিং-বিরোধী (সংশোধনী) বিল ২০১৫ নিয়ে আলোচনা করার সিদ্ধান্ত

নেওয়া হয়েছে। তিনি এই বিলগুলিকে ক্রীড়া ক্ষেত্র এবং ক্রীড়াবিদদের জন্য গুরুত্বপূর্ণ বলে অভিহিত করেন। তিনি বলেন, বিরোধীদের পক্ষে সংসদে হট্টগোল করা এবং কার্যধারা ব্যাহত করা ঠিক নয়।

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেন, জাতীয় ক্রীড়া শাসন বিল ২০২৫ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, সুশাসন তৈরির মাধ্যমে ক্রীড়া ফেডারেশনের বাস্তুতন্ত্র উন্নত ও শক্তিশালী হবে। তিনি সংসদকে এটি আলোচনা এবং পাসের জন্য বিবেচনা করার আহ্বান জানান।

প্রিসাইডিং অফিসার এই বিলগুলিকে গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করে বলেন যে ভারত ২০৩৬ সালের অলিম্পিকের জন্য দরপত্র জমা দিতে চলেছে। তিনি প্রতিবাদী সদস্যদের তাদের আসনে ফিরে যেতে এবং এই বিলগুলি নিয়ে আলোচনা করার জন্য সংসদকে কাজ করার অনুমতি দেওয়ার জন্য আবেদন করেন। তিনি বলেন, এটি বর্ষাকালীন অধিবেশনের তৃতীয় সপ্তাহ এবং বিক্ষোভের কারণে এখনও পর্যন্ত সংসদ কোনও বিল পাস করেনি। কিন্তু হট্টগোল অব্যাহত থাকায় সভাপতি দিনের জন্য সংসদের কার্যক্রম মুলতবি করেন।

আজ সকালে নতুনদিল্লিতে প্রয়াত ঝাড়খণ্ড মুক্তি মোর্চার প্রবীণ নেতা এবং বর্তমান সাংসদ শিবু সোরেনের প্রতি শ্রদ্ধা নিবেদনের পর রাজ্যসভা মুলতবি করা হয়।

রাজ্যসভায় সকাল ১১টায় যখন সংসদ অধিবেশন শুরু হয়, তখন সদস্যরা ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং ঝাড়খণ্ড মুক্তি মোর্চার প্রতিষ্ঠাতা এবং বর্তমান সাংসদ শিবু সোরেনের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ বলেন, শিবু সোরেন একজন প্রবীণ এবং বিশিষ্ট আদিবাসী নেতা ছিলেন যিনি আদিবাসী সম্প্রদায়ের অধিকার ও উন্নয়নের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। হরিবংশ বলেন, তিনি সারা জীবন সুবিধাবঞ্চিতদের অধিকার ও কল্যাণের জন্য কাজ করেছেন। ডেপুটি চেয়ারম্যান বলেন, শিবু সোরেন আটবার লোকসভার সদস্য নির্বাচিত হয়েছিলেন এবং তিনবার ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রীও ছিলেন। তিনি বলেন, শিবু সোরেন ঝাড়খণ্ড রাজ্য গঠনের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। পরে দিনের জন্য মুলতবি হওয়ার আগে প্রয়াত নেতার প্রতি শ্রদ্ধা জানাতে কিছুক্ষণ নীরবতা পালন করা হয়।

**********************************

**Test match :**

ইংল্যান্ডের ওভালে আয়োজিত পঞ্চম টেস্ট  ক্রিকেট ম্যাচে ভারত ছয় রানে ইংল্যান্ডের বিরুদ্ধে জয় পেয়েছে। এই জয়ের ফলে পাঁচ ম্যাচের সিরিজ ড্র হয়েছে। আজ পঞ্চম টেস্টের শেষ দিনে জয়ের জন্য প্রয়োজনীয় ৩৭৪ রানের লক্ষ্যমাত্রা নিয়ে খেলতে নেমে ইংল্যান্ড দল সবকটি উইকেট হারিয়ে ৩৬৭ রান তুলতে সক্ষম হয়। ম্যাচে দুই ইনিংসে নয় উইকেট নিয়ে ম্যান অব দ্যা ম্যাচ পুরষ্কার পেয়েছেন মোহম্মদ সিরাজ। যুগ্মভাবে ম্যান অব দ্যা সিরিজ পেয়েছেন ভারতের শুভমান গিল এবং ইংল্যান্ডের হ্যারি ব্রুক।

**************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ২-১ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আজ অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, বিহার, হিমাচল প্রদেশ, কেরালা, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ডে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, জম্মু ও কাশ্মীর, লাদাখ, লক্ষদ্বীপ, মধ্যপ্রদেশ, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে দপ্তর।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ, গোমতী ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে

পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

************************